

বিষয়ঃ বিদ্যুৎ বিভাগের ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী।

সভাপতি	:	মোঃ মাহবুব-উল-আলম
		যুগ্ম-সচিব (প্রশাসন) ও চিফ ইনোভেশন অফিসার
সভার তারিখ	:	০৫ এপ্রিল, ২০১৫ খ্রি:
সভার সময়	:	বেলা ১১.০০ ঘটিকা
সভার স্থান	:	কক্ষ নং-২০১, ভবন নং-০৬, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
সভার উপস্থিতি	:	পরিশিষ্ট-'ক'

উপস্থিতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর, ১৭-০২-২০১৫ তারিখে অনুষ্ঠিত ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী অনুযায়ী বিস্তারিত আলোচনা হয়।

০২। বিদ্যুৎ বিভাগের আওতাধীন সকল দণ্ডর/সংস্থা/কোম্পানির ইনোভেশন টিমকে প্রতি মাসের উভাবনী ধারণা, উভাবনকৃত বা প্রয়োগের উপযুক্ত প্রযুক্তির তথ্য/বিবরণ আগামী সভায় এ বিভাগে প্রেরণের জন্য অনুরোধ জানানো হয়। উভাবনী ধারণাসমূহ হতে উপযুক্ত ধারণার সারসংক্ষেপ প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রতিমাসে প্রেরণ নিশ্চিত করণের জন্য তাগিদ দেয়া হয়।

০৩। বিদ্যুৎ বিভাগের আওতাধীন সকল দণ্ডর/সংস্থা/কোম্পানির গঠিত ইনোভেশন টিমের সভা আহবান করতে হবে এবং সভার কার্যবিবরণী বিদ্যুৎ বিভাগের প্রোগ্রামারের মেইল-এ প্রেরণ নিশ্চিত করতে হবে। প্রোগ্রামার সকল কার্যবিবরণীর সারসংক্ষেপ চিফ ইনোভেশন অফিসারের নিকট প্রেরণ করবেন।

০৪। দণ্ডর/সংস্থা/কোম্পানির বাস্তুরিক আইসিটি বিষয়ক কর্মপরিকল্পনা প্রণয়ন করে আগামী ১৫ দিনের মধ্যে এ বিভাগে প্রেরণ করার জন্য অনুরোধ জানানো হয়।

০৫। বিদ্যুৎ বিভাগ ও আওতাধীন সকল দণ্ডর/সংস্থা/কোম্পানির ওয়েবসাইট হালনাগাদ ও বাংলাভাষায় রূপান্তরের বিষয়ে আলোচনা হয়। ওয়েবসাইট নিয়মিত হালনাগাদকরণ এবং বাংলা ভাষায় রূপান্তরের বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়।

০৬। সভায় আরও জানানো হয় যে, বিদ্যুৎ বিভাগের আওতাধীন সকল দণ্ডর/সংস্থা/কোম্পানির জনবলের জন্য Unified PMIS প্রস্তুত করার জন্য ডিপিডিসিকে দায়িত্ব প্রদান করা হয়েছে। সভায় Unified PMIS প্রস্তুত করার অঙ্গতি পর্যালোচনা করা হয়। সভায় জানানো হয় যে, প্রস্তুতকৃত Unified PMIS সফটওয়্যারটি পরীক্ষামূলকভাবে চালু করা হয়েছে। সফটওয়্যারটির কারিগরী বিষয়গুলো জানার জন্য একটি ওয়ার্কশপের আয়োজন করা প্রয়োজন। পাওয়ারসেল কর্তৃক ওয়ার্কশপের আয়োজনের প্রস্তুতি চলছে মর্মে সভায় জানো হয়। শীঘ্রই ওয়ার্কশপের তারিখ জানানো হবে মর্মে পাওয়ারসেলের প্রতিনিধি জানিয়েছেন।


০৭। গত ১৭ ফেব্রুয়ারি তারিখে অনুষ্ঠিত সভায় অনলাইনে বিল পরিশোধ পদ্ধতি প্রবর্তন, মোবাইল ফোনের মাধ্যমে বিল প্রেরণ এবং বিল পরিশোধের বার্তা এসএমএস বা ইমেইলের মাধ্যমে প্রেরণের বিষয়ে একটি প্রস্তাব দেয়ার জন্য একটি টেকনিক্যাল কমিটি গঠন করা হয়। উক্ত কমিটি শীঘ্রই প্রস্তাব দাখিল করবে বলে কমিটির আহ্বায়ক জানান।

০৮। এ ছাড়া প্রতিদিনের ‘Real Time Generation Report’ বিদ্যুৎ বিভাগের ওয়েব সাইটে প্রকাশের বিষয়টি নিশ্চিত করার লক্ষ্যে বিউবো এবং NLDC এর সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে আগামী সভায় উপস্থিত থাকার জন্য পুনরায় নির্দেশনা প্রদান করা হয়।

০৯। সভার বিস্তারিত আলোচনাতে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

- (ক) বিদ্যুৎ বিভাগের আওতাধীন সকল দণ্ডর/সংস্থা/কোম্পানির ইনোভেশন টিমকে প্রতি মাসের উক্তাবনী ধারণা, উক্তাবনকৃত বা প্রয়োগের উপযুক্ত প্রযুক্তির তথ্য/বিবরণ আগামী সভায় এ বিভাগে প্রেরণ নিশ্চিত করবেন।
- (খ) দণ্ডর/সংস্থা/কোম্পানির গঠিত ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী সভা অনুষ্ঠিত হওয়ার পর পরই এ বিভাগের প্রোগ্রামারের ই-মেইলে প্রেরণ নিশ্চিত করতে হবে।
- (গ) দণ্ডর/সংস্থা/কোম্পানির বাত্সরিক আইসিটি বিষয়ক কর্মপরিকল্পনা প্রণয়ন করে আগামী ১৫ দিনের মধ্যে বিভাগে প্রেরণ করতে হবে।
- (ঘ) স্ব স্ব সংস্থা/কোম্পানির Website নিয়মিত হালনাগাদকরণ নিশ্চিত করতে হবে।
- (ঙ) বিদ্যুৎ বিভাগের আওতাধীন সকল দণ্ডর/সংস্থা/কোম্পানির জনবলের জন্য Unified PMIS প্রস্তুত করার কাজ দ্রুত সম্পন্ন করতে হবে। এ বিষয়ে পাওয়ারসেলকে খুব শিক্ষিত ওয়ার্কশপের আয়োজন করতে হবে।
- (চ) বিদ্যুৎ বিভাগের ওয়েবসাইটে ‘ইনোভেশন’ নামে একটি পেইজ রাখতে হবে, যাতে এ বিভাগ এবং আওতাধীন দণ্ডর/সংস্থা ও কোম্পানির ইনোভেশন টিমের বিভিন্ন তথ্য থাকবে।
- (ছ) বিদ্যুৎ বিভাগের ওয়েবসাইটের বাংলা ভার্সন ত্রিমুক্ত করার কাজ অব্যাহত রাখতে হবে।
- (জ) প্রতিদিনের ‘Real Time Generation Report’ বিদ্যুৎ বিভাগের ওয়েব সাইটে প্রকাশের বিষয়টি নিশ্চিত করার লক্ষ্যে বিউবো এবং NLDC এর সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে আগামী সভায় উপস্থিত থাকার জন্য নোটিশ দিতে হবে।

১০। সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করা হয়।


(মোঃ মাহবুব-উল-আলম)
যুগ্ম-সচিব (প্রশাসন)